# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 14 May, 2025

এক দফা দাবিতে রাজধানীর শাহবাগ অবরোধ করেছেন ডিপ্লোমা নার্সিং কলেজের শিক্ষার্থীরা। ডিপ্লোমা নার্সিংকে ডিগ্রির সমমানের দাবিতে এই কর্মসূচি দিয়েছেন তারা। বুধবার (১৪ মে) দুপুর আড়াইটার দিকে বৃষ্টি উপেক্ষা করে শত-শত শিক্ষার্থী জড়ো হয়ে শাহবাগ মোড় অবরোধ করে।

এর আগে দাবি আদায়ে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত সমাবেশ করেন শিক্ষার্থীরা। পরে মিছিল নিয়ে শাহবাগ মোড়ের দিকে অগ্রসর হলে পুলিশ শাহবাগ থানার সামনে তাদের ব্যারিকেড দিয়ে আটকে দেয়। এ সময় শিক্ষার্থীরা ব্যারিকেড সরিয়ে শাহবাগ মোড়ে অবস্থান নেন।

শিক্ষার্থীরা বলছেন, এইচএসসি পাস করে ১১০ ক্রেডিটের তিন বছর ছয় মাস মেয়াদি কোর্স সম্পন্ন করার পরও ডিগ্রির মান দেয়া হচ্ছেনা। পক্ষান্তরে, এইচএসসি পাস করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তিন বছর কোর্স শেষ করেও ডিগ্রি সমমান পাচ্ছে। এটি ডিপ্লোমা নার্সিং শিক্ষার্থীদের সঙ্গে বৈষম্য তৈরি করছে।

শিক্ষার্থীরা আরও বলেন, দীর্ঘদিন ধরে দাবি আদায়ে মানববন্ধন, স্মারকলিপিসহ বিভিন্ন কর্মসূচি পালন করে আসছি। দাবি না মানায় বাধ্য হয়ে শাহবাগে অবস্থান নিয়েছি।

নার্সিং কলেজ অবরোধ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:32

URL: https://www.timestodaybd.com/national/2491775807